গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২১

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক অর্জনসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় দেশের জনগণের দুর্যোগ ঝুঁকিহ্রাস এবং দুর্যোগজনিত ক্ষয়ক্ষতি মোকাবেলা ও সামাজিক নিরাপত্তামূলক কর্মকান্ড পরিচালনা করে থাকে। দুর্যোগজনিত কার্যক্রম পরিচালনার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ এর আলোকে দুর্যোগ ব্যবস্থাপনা (কমিটি গঠন ও কার্যাবলি) বিধিমালা, ২০১৫ জারি করা হয়েছে। ইতঃপূর্বে ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা নীতিমালা প্রণীত হয়। এ নীতিমালার আলোকে গত তিন বছরে মোট ২৪০ টি আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হয়েছে । দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী আদেশাবলিতে (এসওডি) ঝুঁকি হ্রাসমূলক কর্মসূচি, জরুরি মানবিক সহায়তা, অগ্নিকাণ্ড, ভূমিকম্প ও সুনামি অধ্যায় সংযোজন করে বাংলায় প্রকাশ করা হয়েছে। আইভিআর প্রযুক্তি আরও উন্নয়নের মাধ্যমে মোবাইল ফোনে ১০৯০ নম্বরে ডায়াল করে হালনাগাদ দুর্যোগের পূর্বাভাস ও আবহাওয়া বার্তা জানানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অতিদরিদ্রদের কর্মসৃজন কর্মসূচির আওতায় গত তিন বছরে প্রায় ২২ লক্ষ হতদরিদ্র গ্রামীণ কর্মহীন মানুষের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বছরের ৪০ দিন করে মোট ৮০ দিনের কর্মসংস্থান নিশ্চিত করার ব্যবস্থা নেওয়া হয়েছে, যার এক তৃতীয়াংশ মহিলা।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

জলবায়ু পরিবর্তনের কারণে ঘূর্ণিঝড়, বন্যা, খরা, নদী ভাঙ্গন, জলোচ্ছ্বাস, অগ্নিকাণ্ড ও ভূমিধসসহ বিভিন্ন প্রাকৃতিক এবং নতুন নতুন দুর্যোগের মাত্রা বৃদ্ধি পাচ্ছে। এতে বিশেষ করে দরিদ্র জনগোষ্ঠীর দুর্ভোগ বাড়ছে। দুর্যোগের ঝুঁকিহ্রাস এবং দুর্যোগ মোকাবেলায় পূর্ব প্রস্তুতি, দুর্যোগ পরবর্তী সাড়াদান দুর্যোগের ক্ষয়ক্ষতি হ্রাস করে। এক্ষেত্রে চ্যালেঞ্জ হল-দুর্যোগে জনগণের সচেতনতা বৃদ্ধি, দুর্যোগ মোকাবেলায় কলাকৌশল রপ্ত করা, গবেষণা ও প্রযুক্তির যথার্থ ব্যবহার এবং সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সমন্বিত সার্বিক পরিকল্পনা। আরেকটি সমস্যা হল বিভিন্ন মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচির সমন্বয়হীনতা। তাছাড়া আন্তর্জাতিক সহযোগিতা এবং দুর্যোগ মোকাবেলায় বিভিন্ন দেশের অভিজ্ঞতা বিনিময় একান্ত অপরিহার্য।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ সংশোধন করে সময়োপযোগী করা হবে এবং এ আইনের আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল বিধিমালা প্রণয়নসহ অন্যান্য বিধিমালা প্রণয়ন করা হবে। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা ২০১৬-২০২০ ইতেমধ্যে প্রণীত হয়েছে। এই পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হবে। দুর্যোগ কবলিত মানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা হবে এবং গ্রামীণ অতিদরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির প্রচেষ্টা জোরদার করা হবে। এছাড়া দুর্যোগ কবলিত জনগণের ঝুঁকিহ্রাসকল্পে উপকূলীয় এলাকায় ২২০ টি বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হবে। জনগণকে সচেতন করার জন্য সারাদেশে দুর্যোগ মহড়া ও প্রশিক্ষণ অব্যাহত রাখা হবে। দুর্যোগ পূর্বাভাস সতর্কীকরণ কার্যক্রম আরও উন্নত করা হবে।

**২০১৭-১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ সংশোধনের খসড়া চূড়ান্ত করে জাতীয় সংসদে উত্থাপন এবং দুর্যোগ স্বেচ্ছাসেবক বিধিমালা প্রণয়ন;
- ন্যাশনাল ইমারজেন্সি অপারেশন সেন্টার (এনইওসি) প্রতিষ্ঠার জন্য স্থান নির্বাচন;
- অতিদরিদ্রদের কর্মসংস্থান কর্মসূচির আওতাভুক্ত উপকারভোগীদের সংখ্যা বৃদ্ধি;
- দুর্যোগ প্রতিরোধ সক্ষমতা বৃদ্ধির জন্য অবকাঠামো নির্মাণ (বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র, মুজিব কিল্লা, হেরিংবোন বন্ড রাস্তা,ক্ষুদ্র ও মাঝারি আকারের ব্রীজ/কালভার্ট)
- ত্রাণসামগ্রী সংরক্ষণের জন্য ৬৬টি ত্রাণ গুদাম নির্মাণের কার্যাদেশ প্রদান;
- মানবিক সহায়তা কার্যক্রমের আওতা বৃদ্ধিকরণ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৭ সালের জুলাই মাসের ০৬ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

প্রাকৃতিক, জলবায়ুজনিত ও মনুষ্যসৃষ্ট দুর্যোগের ক্ষতিকর প্রভাব বিপদাপন্ন জনগোষ্ঠীর সহনীয় পর্যায়ে কমিয়ে এনে দারিদ্র হ্রাস।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

দুর্যোগ ব্যবস্থাপনার সার্বিক সক্ষমতা শক্তিশালীকরণের মাধ্যমে জনগণের বিশেষ করে দরিদ্র ও দুর্দশাগ্রস্ত জনগোষ্ঠীর ঝুঁকি ও বিপদাপন্নতা হ্রাস এবং বড় মাত্রার দুর্যোগ মোকাবেলায় সক্ষম একটি দক্ষ জরুরি সাড়া প্রদান পদ্ধতি প্রতিষ্ঠা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধি ও বিপদাপন্নতা হ্রাস
২. দুর্যোগ ব্যবস্থাপনা পদ্ধতিতে পেশাদারিত্বের উন্নয়ন
৩. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা শক্তিশালীকরণ
৪. জরুরী সাড়াদান পদ্ধতি শক্তিশালীকরণ
৫. দুর্যোগ ও জলবায়ুজনিত পরিবর্তনের অভিযোজন প্রক্রিয়ার উন্নয়ন এবং
৬. আঞ্চলিক ও বিশ্বব্যাপী নেটওয়ার্ক জোরদারকরণ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা

**১.৪ কার্যাবলি (Functions)**

১. দুর্যোগ ঝুঁকি ও বিপদাপন্নতা হ্রাস, জরুরি সাড়া প্রদান এবং দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত আইন, নীতি ও কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;
২. জরুরি মানবিক সহায়তা ও পুনর্বাসন সংক্রান্ত নীতি ও পরিকল্পনা প্রণয়ন এবং সকল সামাজিক নিরাপত্তা কর্মসূচির ডাটাবেজ প্রস্তুত, হালনাগাদকরণ ও সংরক্ষণ;
৩. দুর্যোগ ঝুঁকিহ্রাস পরিকল্পনা প্রণয়ন, প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম গ্রহণ এবং এর সঙ্গে সম্পৃক্ত স্থানীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন উন্নয়ন সহযোগীদের মধ্যে সমন্বয় সাধন, পর্যবেক্ষণ ও মূল্যায়ন;
৪. কাজের বিনিময়ে খাদ্য (গ্রামীণ অবকাঠামো সংস্কার) কর্মসূচি, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টেস্ট রিলিফ), ভি.জি.এফ, জি.আর এবং এ ধরনের অন্যান্য কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে মানবিক সহায়তা প্রদান;
৫. অতি দরিদ্রদের ঝুঁকি হ্রাসকল্পে বছরের বিভিন্ন সময়ে কর্মাভাবকালে (Lean Period) কর্মসংস্থান নিশ্চিত করা;
৬. বৈদেশিক উৎস হতে প্রাপ্ত খাদ্য ও অন্যান্য জরুরি মানবিক সহায়তা ব্যবহার ও বিতরণ সংক্রান্ত বিষয়ে সমন্বয় সাধন;
৭. শরনার্থী বিষয়ক কর্মসূচি বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে সমন্বয় সাধন;
৮. দুর্যোগ ঝুঁকি হ্রাসকল্পে বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ ও মেরামত;
৯. জলবায়ু পরিবর্তনের প্রভাবের কারণে দুর্যোগ সম্পৃক্ত অভিযোজন কর্মসূচি/প্রকল্প বাস্তবায়ন; এবং
১০. দুর্যোগকালীন সময়ে আশ্রয়কেন্দ্রে মানুষ ও গবাদিপশুর যাতায়াতে সহায়তার জন্য ব্রীজ/কালভার্ট নির্মাণ।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | | |
| দুর্যোগ কবলিত জনগোষ্ঠীর ঝুঁকি হ্রাস | আশ্রয়কেন্দ্রের ধারণক্ষমতা | হাজার বর্গ মিটার | ৪০.০ | ৫২.০ | ৪০.০ | ৪৫.০ | ৫০.০ | স্থানীয় সরকার বিভাগ/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| গ্রামীণ জনগোষ্ঠির কর্মসংস্থান | উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ৭.৪ | ৭.৫ | ৭.৬ | ৭.৭ | ৭.৮ | | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| দুর্যোগ আক্রান্তদের খাদ্য নিরাপত্তা | উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ২৫০.০ | ২৫৫.০ | ২৬০.০ | ২৬৫.০ | ২৭০.০ | খাদ্য মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধি ও বিপদাপন্নতা হ্রাস | ৩০ | [১.১] গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (কাবিটা) | [১.১.১] উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ৪.০০ | ১২.৪০ | ১৩.০০ | ১৩.২৫ | ১৩.২ | ১৩.১৫ | ১৩.১০ | ১৩.০৫ | ১৩.৩০ | ১৩.৩৫ |
| | | [১.২] গ্রামীণ অবকাঠামোসমূহের রক্ষণাবেক্ষণ (টিআর নগদ) | [১.২.১] উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ৪.০০ | ১৩.৯০ | ১৪.২৫ | ১৪.৩৫ | ১৪.৩০ | ১৪.২৫ | ১৪.২০ | ১৪.১৫ | ১৪.৪০ | ১৪.৫০ |
| | | [১.৩] ভিজিএফ এর মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ | [১.৩.১] উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ৪.০০ | ২৫০ | ২৬০ | ২৭০ | ২৬৮ | ২৬৬ | ২৬৪ | ২৬২ | ২৭৫ | ২৮০ |
| | | [১.৪] অতি দরিদ্র জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থান সৃষ্টি | [১.৪.১] উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ৪.০০ | ৭.৪০ | ৭.৫০ | ৭.৬০ | ৭.৫৮ | ৭.৫৬ | ৭.৫৪ | ৭.৫২ | ৭.৬৫ | ৭.৭০ |
| | | [১.৫] বিপদাপন্নতা হ্রাসে মানবিক সহায়তা কর্মসূচি | [১.৫.১] উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ৩.০০ | ৩৪.০ | ৩৫.০ | ৩৬.০ | ৩৫.৮০ | ৩৫.৬০ | ৩৫.৪০ | ৩৫.২০ | ৩৭.০ | ৩৭.৫০ |
| | | [১.৬] ক্ষুদ্র ও মাঝারি আকারের ব্রিজ/কালভার্ট নির্মাণ | [১.৬.১] নির্মিত ব্রিজ কালভার্ট | হাজার মিটারে | ৩.০০ | ৯.৫০ | ৩২.০০ | ২০.০০ | ১৮.০০ | ১৬.০০ | ১৪.০০ | ১২.০০ | ২১.০০ | ২২.০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৭] বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র/বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ | [১.৭.১] নির্মিত আশ্রয়কেন্দ্র | হাজারবর্গ মিটারে | ৩.০০ | ৪০.০০ | ৬৫.০০ | ৭০.০০ | ৬৮.০০ | ৬৬.০০ | ৬৪.০০ | ৬২.০০ | ৭২.০০ | ০ |
| | | [১.৮] ঝুঁকিতে থাকা জনগোষ্ঠী ও গবাদি পশুর আশ্রয়ের জন্য মুজিব কিল্লা নির্মাণের কার্যাদেশ প্রদান | [১.৮.১] নির্মিত মুজিব কিল্লা | তারিখ | ১.০০ | | | ১৫-০১-২০১৮ | ৩০-০১-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ১৫-০৩-২০১৮ | | |
| | | [১.৯] ত্রাণ সামগ্রী সংরক্ষণের জন্য ত্রাণ গুদাম নির্মাণের কার্যাদেশ প্রদান | [১.৯.১] নির্মিত ত্রাণ গুদাম | তারিখ | ১.০০ | | | ১৫-০১-২০১৮ | ৩০-০১-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ১৫-০৩-২০১৮ | | |
| | | [১.১০] গ্রামীন এলাকায় হেরিংবোন বন্ড রাস্তা নির্মাণ | [১.১০.১] নির্মিত হেরিং বন্ড বোন রাস্তা | কিঃমিটার | ২.০০ | | | ৭০০ | ৬৫০ | ৬০০ | ৫৫০ | ৫০০ | ১০০০ | ১২০০ |
| | | [১.১১] আরবান রেজিলিয়েন্স প্রকল্পের মাধ্যমে নগর ঝুঁকি ব্যবস্থাপনার উন্নয়ন | [১.১১.১] প্রশিক্ষণ কার্যক্রম শুরু | তারিখ | ১.০০ | | | ১৫-০১-২০১৮ | ৩০-০১-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ১৫-০৩-২০১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] দুর্যোগ ব্যবস্থাপনা পদ্ধতিতে পেশাদারিত্বের উন্নয়ন | ১৬ | [২.১] দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ সংশোধন | [২.১.১] আইন সংশোধন | তারিখ | ৩.০০ | | | ১৫-০৫-২০১৮ | ৩০-০৫-২০১৮ | ০৭-০৬-২০১৮ | ১৪-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | | |
| | | [২.২] সিপিপি এর স্বেচ্ছাসেবক বিধিমালা চূড়ান্তকরণ | [২.২.১] বিধিমালা প্রণিত | তারিখ | ২.০০ | | | ১৫-০৫-২০১৮ | ৩০-০৫-২০১৮ | ০৭-০৬-২০১৮ | ১৪-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | | |
| | | [২.৩] জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট বিধিমালা প্রণয়ন | [২.৩.১] বিধিমালা প্রণিত | তারিখ | ২.০০ | | | ১৫-০৫-২০১৮ | ৩০-০৫-২০১৮ | ০৭-০৬-২০১৮ | ১৪-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | | |
| | | [২.৪] জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের কর্মকর্তা কর্মচারি নিয়োগ বিধিমালা প্রণয়ন | [২.৪.১] বিধিমালা প্রণিত | তারিখ | ২.০০ | | | ১৫-০৫-২০১৮ | ৩০-০৫-২০১৮ | ০৭-০৬-২০১৮ | ১৪-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | | |
| | | [২.৫] ন্যাশনাল ইমার্জেন্সি অপারেশন সেন্টার (এনইওসি) নির্মাণের জন্য স্থান নির্বাচন | [২.৫.১] স্থান নির্বাচিত | তারিখ | ২.০০ | | | ৩১-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | ৩০-০৪-২০১৮ | ১৫-০৫-২০১৮ | ৩০-০৫-২০১৮ | | |
| | | [২.৬] দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান | [২.৬.১] প্রশিক্ষিত কর্মকর্তা | সংখ্যা | ৪.০০ | ৩০০ | ৩৫০ | ৪০০ | ৩৯০ | ৩৮০ | ৩৭০ | ৩৬০ | ৪৫০ | ৫০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [২.৭] দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল বিধিমালা প্রণয়ন | [২.৭.১] বিধিমালা প্রনীত | তারিখ | ১.০০ | | ৩১-০৫-২০১৭ | ১৫-০৪-২০১৮ | ৩০-০৪-২০১৮ | ১৫-০৫-২০১৮ | ৩০-০৫-২০১৮ | ১৪-০৬-২০১৮ | | |
| [৩] প্রাতিষ্ঠানিক ব্যবস্থা শক্তিশালীকরণ | ১৪ | [৩.১] দুর্যোগ স্বেচ্ছাসেবকদের ডাটাবেজ হালনাগাদকরণ | [৩.১.১] হালনাগাদকৃত | তারিখ | ৪.০০ | | ৩০-০৪-২০১৭ | ৩০-০৪-২০১৮ | ১৫-০৫-২০১৮ | ৩০-০৫-২০১৮ | ১৫-০৬-২০১৮ | ২৮-০৬-২০১৮ | | |
| | | [৩.২] ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম ওয়েবসাইট হালনাগাদকরণ | [৩.২.১] ওয়েবসাইট হালনাগাদকৃত | তারিখ | ৪.০০ | | ২৯-১২-২০১৭ | ১৫-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ১৫-০৩-২০১৮ | | |
| | | [৩.৩] ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রের ডাটাবেজ হালনাগাদকরণ | [৩.৩.১] হালনাগাদকৃত | তারিখ | ৩.০০ | | ১৫-১২-২০১৬ | ১৫-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ১৫-০৩-২০১৮ | | |
| | | [৩.৪] দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা কর্মসূচির জন্য প্রস্তুতকৃত এসএনওপি এমআইএস হালনাগাদকরণ | [৩.৪.১] হালনাগাদকৃত | তারিখ | ৩.০০ | | ০৬-০১-২০১৭ | ৩১-০৫-২০১৮ | ০৭-০৬-২০১৮ | ১৪-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | ২৮-০৬-২০১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] জরুরী সাড়াদান পদ্ধতি শক্তিশালীকরণ | ১২ | [৪.১] জরুরী সাড়াদান পরিকল্পনা প্রণয়ন | [৪.১.১] প্রণীত পরিকল্পনা | ডকুমেন্টের সংখ্যা | ৩.০০ | ৫ | ৫ | ৩ | ২ | ১ | | | ৫ | ৫ |
| | | [৪.২] জেলাসমূহের শিক্ষা প্রতিষ্ঠানে দুর্যোগ মহড়া আয়োজন | [৪.২.১] আয়োজিত মহড়া | সংখ্যা | ৩.০০ | ৬৪ | ৭০ | ৮০ | ৭৮ | ৭৬ | ৭৪ | ৭২ | ৮৫ | ৯০ |
| | | [৪.৩] উপকূলীয় এলাকায় আশ্রয়কেন্দ্র ভিত্তিক দুর্যোগ মহড়া আয়োজন | [৪.৩.১] আয়োজিত মহড়া | সংখ্যা | ৩.০০ | ১৩ | ১৩ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১৩ | ২৫ | ৩০ |
| | | [৪.৪] সিপিপি এর স্বেচ্ছাসেবকদের জন্য প্রয়োজনীয় উপকরণাদি ক্রয় | [৪.৪.১] সংগৃহীত যন্ত্রপাতি | সংখ্যা | ৩.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১১০ | ১২০ |
| [৫] দুর্যোগ ও জলবায়ুজনিত পরিবর্তনের অভিযোজন প্রক্রিয়ার উন্নয়ন এবং | ৫ | [৫.১] ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর জন্য সোলার প্যানেল স্থাপন | [৫.১.১] সোলার প্যানেল | সংখ্যা | ৩.০০ | ৭০০০ | ৭০০০ | ১২০০০ | ১১০০০ | ১০০০০ | ৯০০০ | ৮০০০ | ১৫০০০ | ১৬০০০ |
| | | [৫.২] উপকূলীয় এলাকায় ২১ টি স্যালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপনের কার্যাদেশ প্রদান | [৫.২.১] প্ল্যান্ট স্থাপন | তারিখ | ২.০০ | | | ০১-০৪-২০১৮ | ১৫-০৪-২০১৮ | ০১-০৫-২০১৮ | ১৫-০৫-২০১৮ | ০৩-০৬-২০১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৬] আঞ্চলিক ও বিশ্বব্যাপী নেটওয়ার্ক জোরদারকরণ। | ৩ | [৬.১] দুর্যোগ ব্যবস্থাপনা ও দুর্যোগ ঝুঁকিহ্রাস বিষয়ক বিভিন্ন আন্তর্জাতিক সভা, সেমিনার ও সম্মেলনে অংশগ্রহণ | [৬.১.১] সম্মেলনে অংশগ্রহণান্তে প্রতিবেদন দাখিল | সংখ্যা | ৩.০০ | | | ৭ | ৬ | ৫ | ৪ | ৩ | ১০ | ১২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ১.০০ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | [১.২.১] ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরে প্রণীত তালিকা অনুযায়ী কমপক্ষে দুটি করে অনলাইন সেবা চালু করা | [১.৩.১] ন্যূনতম দুটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৭ | ০৭-১২-২০১৭ | ১৪-১২-২০১৭ | ২১-১২-২০১৭ | ২৮-১২-২০১৭ | | |
| | | [১.৪] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | [১.৪.১] উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেস প্রস্তুতকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৭ | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | | |
| | | | [১.৪.২] উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | % | ১.০০ | | | ৪০ | ৩০ | ২৫ | ২০ | ১০ | | |
| | | [১.৫] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [১.৫.১] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| | | [১.৬] মন্ত্রণালয়/বিভাগের প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৬.১] তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.৬.২] শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫০ | | | ১১-০১-২০১৮ | ১৮-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ২৫-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | | |
| | | [১.৭] সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | [১.৭.১] সিটিজেন্স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-১২-২০১৭ | ১৫-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ০৮-০২-২০১৮ | ২২-০২-২০১৮ | | |
| | | [১.৮] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৮.১] নিস্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ০.৫০ | | | ১২ | ১১ | | | | | |
| | | | [১.৮.২] নিস্পত্তিকৃত অভিযোগ | % | ০.৫০ | | | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | | |
| [২] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৪ | [২.১] ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [২.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ২৩-০৪-২০১৭ | ২৪-০৪-২০১৭ | ২৫-০৪-২০১৭ | ২৬-০৪-২০১৭ | ২৭-০৪-২০১৭ | | |
| | | [২.২] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ০৮-০৮-২০১৭ | ১০-০৮-২০১৭ | ১৩-০৮-২০১৭ | ১৬-০৮-২০১৭ | ১৭-০৮-২০১৭ | | |
| | | [২.৩] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| | | [২.৪] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | ০১-০২-২০১৮ | ০৫-০২-২০১৮ | ০৬-০২-২০১৮ | | |
| | | [২.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [২.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-০৬-২০১৮ | ১৮-০৬-২০১৮ | ১৯-০৬-২০১৮ | ২০-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | [৩.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.২] স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগে কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | [৩.৩.১] কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| [৪] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | [৪.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.১.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৪.২] ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা | [৪.২.১] শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ১৩-০৭-২০১৭ | ৩১-০৭-২০১৭ | | | | | |
| | | [৪.৩] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করা | [৪.৩.১] ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৫.২] স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | [৫.২.১] স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | | |
| | | [৫.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ০৬.০৭.২০১৭ খ্রি:<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইভিআর | ইন্টারেকটিভ ভয়েস রেসপন্স |
| ২ | এসএমএস | শর্ট মেসেজ সার্ভিস |
| ৩ | এনইওসি | ন্যাশনাল ইমার্জেন্সি অপারেশন সেন্টার |
| ৪ | কাবিখা | কাজের বিনিময়ে খাদ্য |
| ৫ | কাবিটা | কাজের বিনিময়ে টাকা |
| ৬ | টিআর | টেস্ট রিলিফ |
| ৭ | ভিজিএফ | ভালনারেবল গ্রুপ ফিডিং |
| ৮ | এমআরডিএ | মাল্টিহ্যাজার্ড রিস্ক ভালনারেবিলিটি এসেসমেন্ট |
| ৯ | এসওডি | স্ট্যান্ডিং অর্ডারর্স অন ডিজাস্টার |
| ১০ | এইচবিবি | হেরিং বোন বন্ড |
| ১১ | এনডিএমআইএস | ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সিস্টেম |
| ১২ | সিপিপি | সাইক্লোন প্রিপায়েৰ্ডনেস প্রোগ্রাম |
| ১৩ | এনডিআরসিসি | ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (কাবিটা) | [১.১.১] উপকারভোগী | গ্রামীণ এলাকায় কর্মসংস্থান সৃষ্টি এবং অবকাঠামো নির্মাণ/পুনঃনির্মাণে এ কর্মসূচি নেয়া হয়। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।/ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] গ্রামীণ অবকাঠামোসমূহের রক্ষণাবেক্ষণ (টিআর নগদ) | [১.২.১] উপকারভোগী | শহর/গ্রামীণ এলাকায় কর্মসংস্থান সৃষ্টি এবং অবকাঠামো নির্মাণ/পুনঃনির্মাণে এ কর্মসূচি নেয়া হয়। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।/ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] ভিজিএফ এর মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ | [১.৩.১] উপকারভোগী | দুর্যোগকালে ও দুর্যোগের অব্যবহিত পরে দুর্দশাগ্রস্ত ও অস্বচ্ছল ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠানসমূহে, উৎসবে মাছ ধরা নিষিদ্ধ সময়ে মৎসজীবিদের এবং স্বাভাবিক অবস্থায় দুঃস্থ ও অতিদরিদ্র ব্যক্তি/পরিবাসমূহের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে এ কর্মসূচি গৃহীত হয়। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।/ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] অতি দরিদ্র জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থান সৃষ্টি | [১.৪.১] উপকারভোগী | গ্রামীণ এলাকায় অতিদরিদ্রদের কর্মহীন সময়ে বছরে ৪০ দিন করে দু'পর্যায়ে ৮০ দিনের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।/ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] বিপদাপন্নতা হ্রাসে মানবিক সহায়তা কর্মসূচি | [১.৫.১] উপকারভোগী | দুর্যোগে ক্ষতিগ্রস্ত পরিবার অথবা দুর্যোগে/দুর্ঘটনায় আহত ব্যক্তি/নিহত ব্যক্তির অস্বচ্ছল পরিবারকে তাৎক্ষণিকভাবে নদগ সাহায্য প্রদান। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।/ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] ক্ষুদ্র ও মাঝারি আকারের ব্রিজ/কালভার্ট নির্মাণ | [১.৬.১] নির্মিত ব্রিজ কালভার্ট | গ্রামীণ এলাকায় জলাবদ্ধতা দুরীকরণের মাধ্যমে দুর্যোগ ঝুঁকিহ্রাস করা। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।/ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৭] বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র/বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ | [১.৭.১] নির্মিত আশ্রয়কেন্দ্র | গ্রামীণ এলাকায় ঘূর্ণিঝড় প্রবণ জনগোষ্ঠিদের এবং বন্যাপ্রবণ এলাকায় দুর্গত মানুষের ঝুঁকিহ্রাসের জন্য এ ধরনের আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হচ্ছে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।/ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৮] ঝুঁকিতে থাকা জনগোষ্ঠী ও গবাদি পশুর আশ্রয়ের জন্য মুজিব কিল্লা নির্মাণের কার্যাদেশ প্রদান | [১.৮.১] নির্মিত মুজিব কিল্লা | উপকূলীয় এলাকায় দুর্গত মানুষ এবং গবাদি পশুর আশ্রয়ের জন্য মুজিব কিল্লা নির্মাণ করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৯] ত্রাণ সামগ্রী সংরক্ষণের জন্য ত্রাণ গুদাম নির্মাণের কার্যাদেশ প্রদান | [১.৯.১] নির্মিত ত্রাণ গুদাম | দুর্যোগ ও দুর্যোগপূর্ব সময় প্রয়োজনীয় ত্রাণসামগ্রী বিতরণের উদ্দেশ্যে ত্রাণ সামগ্রী সংরক্ষনের জন্য ত্রাণ গুদাম নির্মাণ করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.১০] গ্রামীন এলাকায় হেরিংবোন বন্ড রাস্তা নির্মাণ | [১.১০.১] নির্মিত হেরিং বন্ড বোন রাস্তা | গ্রামীণ এলকায় মাটির রাস্তার স্থায়িত্ব বৃদ্ধি এবং যোগাযোগ সুবিধা নিশ্চিত করার জন্য উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হবে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।/ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.১১] আরবান রেজিলিয়েন্স প্রকল্পের মাধ্যমে নগর ঝুঁকি ব্যবস্থাপনার উন্নয়ন | [১.১১.১] প্রশিক্ষণ কার্যক্রম শুরু | নগর ঝুঁকি হ্রাস করার জন্য নগর স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ প্রদান করার জন্য এ ধরণের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ সংশোধন | [২.১.১] আইন সংশোধন | দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ কে সময়োপযোগী এবং হালনাগাদ করার জন্য সংশোধন প্রয়োজন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | জাতীয় সংসদের কার্যবিবরণী/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.২] সিপিপি এর স্বেচ্ছাসেবক বিধিমালা চূড়ান্তকরণ | [২.২.১] বিধিমালা প্রণিত | স্বেচ্ছাসেবকদের সংগঠিত করা এবং তাদেরকে দুর্যোগকালে সমন্বিতভাবে কাজের আওতায় আনয়ন এবং জবাবদিহিতা নিশ্চিত করার জন্য স্বেচ্ছাসেবক বিধিমালা প্রণয়ন করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/সিপিপি | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | সিপিপি'র রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট বিধিমালা প্রণয়ন | [২.৩.১] বিধিমালা প্রণিত | দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ এর উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট পরিচালনার নিমিত্ত এ বিধিমালা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৪] জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের কর্মকর্তা কর্মচারি নিয়োগ বিধিমালা প্রণয়ন | [২.৪.১] বিধিমালা প্রণিত | দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ এর উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর কর্মকর্তা/কর্মচারিদের নিয়োগের উদ্দেশ্যে এ বিধিমালা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৫] ন্যাশনাল ইমার্জেন্সি অপারেশন সেন্টার (এনইওসি) নির্মাণের জন্য স্থান নির্বাচন | [২.৫.১] স্থান নির্বাচিত | দুর্যোগ কালীন পরিস্থিতিতে অনুসন্ধান ও উদ্ধার কার্যক্রম পরিচালনা, সমন্বয়, নির্দেশনা এবং মনিটরিং করার জন্য উচ্চমাত্রার ভূমিকম্প সহনশীল ন্যাশনাল ইমার্জেন্সি অপারেশন সেন্টার প্রতিষ্ঠার প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | সরকারি বরাদ্দপত্র |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৬] দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান | [২.৬.১] প্রশিক্ষিত কর্মকর্তা | দুর্যোগ ঝুঁকিহ্রাস, পূর্ব প্রস্তুতি, পূর্বাভাস ও সতর্কীকরণ পদ্ধতি এবং দুর্যোগ পরবর্তী পুনরুদ্ধার কার্যক্রমে এ মন্ত্রণালয়সহ অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের পেশাদারি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৭] দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল বিধিমালা প্রণয়ন | [২.৭.১] বিধিমালা প্রনীত | দুর্যোগপূর্ব, দুর্যোগকালীন বা দুর্যোগ পরবর্তী পরিস্থিতি মোকাবেলায় দুর্যোগ ঝুঁকি হ্রাস এবং ত্রাণ কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় জাতীয় ও স্থানীয় পর্যায়ে তহবিল সংগ্রহ এবং এর সঠিক ব্যবহারের উদ্দেশ্যে এই বিধিমালা প্রণয়ন করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | গেজেট এর কপি |
| [৩.১] দুর্যোগ স্বেচ্ছাসেবকদের ডাটাবেজ হালনাগাদকরণ | [৩.১.১] হালনাগাদকৃত | দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে দ্রুত ও সমন্বিত উদ্ধারকাজ পরিচালনার জন্য প্রস্তুতকৃত স্বেচ্ছাসেবকদের ডাটাবেজ হালনাগাদ করে ব্যবহার উপযোগী করা। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম ওয়েবসাইট হালনাগাদকরণ | [৩.২.১] ওয়েবসাইট হালনাগাদকৃত | দুর্যোগ সংক্রান্ত তথ্য অধিকার নিশ্চিত করার জন্য প্রস্তুতকৃত ওয়েবসাইট হালনাগাদ করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রের ডাটাবেজ হালনাগাদকরণ | [৩.৩.১] হালনাগাদকৃত | দুর্যোগকালীন আশ্রয় গ্রহণে সহায়তার জন্য প্রস্তুতকৃত আশ্রয়কেন্দ্রের সাথে নতুন প্রস্তুতকৃত আশ্রয়কেন্দ্রের তালিকা অন্তর্ভুক্ত করার জন্য ডাটাবেজ হালনাগাদ করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা কর্মসূচির জন্য প্রস্তুতকৃত এসএনওপি এমআইএস হালনাগাদকরণ | [৩.৪.১] হালনাগাদকৃত | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা কর্মসূচির সঠিক হিসাব রক্ষণের জন্য এসএনএসপি এমআইএস প্রস্তুত প্রযোজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন এবং ওয়েবসাইট |
| [৪.১] জরুরী সাড়াদান পরিকল্পনা প্রণয়ন | [৪.১.১] প্রণীত পরিকল্পনা | বন্যা, ঘূর্ণিঝড়সহ বিভিন্ন দুর্যোগে ঝুঁকিহ্রাসকল্পে জরুরী সাড়াদান পরিকল্পনা প্রণয়ন করা দরকার। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] জেলাসমূহের শিক্ষা প্রতিষ্ঠানে দুর্যোগ মহড়া আয়োজন | [৪.২.১] আয়োজিত মহড়া | জনগণকে সচেতন ও শিক্ষার্থীদের মাধ্যমে সকলকে দুর্যোগ প্রস্তুতির জন্য এ মহড়া প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.৩] উপকূলীয় এলাকায় আশ্রয়কেন্দ্র ভিত্তিক দুর্যোগ মহড়া আয়োজন | [৪.৩.১] আয়োজিত মহড়া | উপকূলীয় এলাকায় জনগণকে সচেতন ও দুর্যোগ প্রস্তুতির জন্য এ মহড়া প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/সিপিপি | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | সিপিপি'র রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৪] সিপিপি এর স্বেচ্ছাসেবকদের জন্য প্রয়োজনীয় উপকরণাদি ক্রয় | [৪.৪.১] সংগৃহীত যন্ত্রপাতি | সিপিপির স্বেচ্ছাসেবকগণ দুর্যোগকালীণ সময়ে যেন দ্রুত উদ্ধারকার্যক্রম পরিচালনা করতে পারে সেলক্ষ্যে তাদের যন্ত্রপাতি প্রদান করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/সিপিপি | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | সিপিপি'র রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.১] ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর জন্য সোলার প্যানেল স্থাপন | [৫.১.১] সোলার প্যানেল | বিদ্যুৎ ও নবায়নযোগ্য জ্বালানীর চাহিদা পূরণ করে গ্রামীণ এলাকায় জনগণের জীবনমান উন্নয়নের সোলার প্যানেল স্থান করা হচ্ছে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিপোর্ট/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.২] উপকূলীয় এলাকায় ২১ টি স্যালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপনের কার্যাদেশ প্রদান | [৫.২.১] প্ল্যান্ট স্থাপন | উপকূলীয় এলাকার জনগণের জন্য সুপেয় পানি নিশ্চিত করার উদ্দেশ্যে এ প্রকল্প গ্রহণ করা হয়েছে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৬.১] দুর্যোগ ব্যবস্থাপনা ও দুর্যোগ ঝুঁকিহ্রাস বিষয়ক বিভিন্ন আন্তর্জাতিক সভা, সেমিনার ও সম্মেলনে অংশগ্রহণ | [৬.১.১] সম্মেলনে অংশগ্রহণান্তে প্রতিবেদন দাখিল | দুর্যোগ ব্যবস্থাপনা ও দুর্যোগ ঝুঁকিহ্রাস বিষয়ে বিভিন্ন আন্তর্জাতিক সভা, সেমিনার ও আন্তর্জাতিক সম্মেলনে অংশগ্রহণের মাধ্যমে বাংলাদেশের আন্তর্জাতিক অভিজ্ঞতা লাভ করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | খাদ্য মন্ত্রণালয় | উপকারভোগী,উপকারভোগী | সময়মত খাদ্য সরবরাহ নিশ্চিত করা | কর্মসূচিটি খাদ্য সহায়তামূলক | খাদ্য নিরাপত্তা বিঘ্নিত হওয়ার আশঙ্কাসহ বিপদাপন্নতা বৃদ্ধি পেতে পারে। |
| বিভাগ | বিদ্যুৎ বিভাগ | | মানসম্মত সোলার প্যানেল প্রাপ্তি | সোলার প্যানেলের প্রাপ্যতা, গ্রহনযোগ্যতা ও স্থায়িত্ব নিশ্চিত করা | জনগণের আস্থা অর্জন বিঘ্নিত হবার আশঙ্কা আছে |
| মন্ত্রণালয় | শিক্ষা মন্ত্রণালয় | আয়োজিত মহড়া | বর্ণিত মন্ত্রণালয়ের সাথে সংযুক্ত স্বেচ্ছাসেবকদের দুর্যোগে কাজে লাগানো | দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে দ্রুত ও সমন্বিত উদ্ধার কাজ পরিচালনা | উদ্ধার কার্যক্রম বিলম্বিত হওয়ার আশঙ্কা আছে এবং দুর্যোগ সচেতনতা কার্যক্রম বিঘ্নিত হতে পারে |
| বিভাগ | স্থানীয় সরকার বিভাগ | আয়োজিত মহড়া | উপকূলীয় স্থানীয় জনপ্রতিনিধি এবং সাধারণ জনগণের মহড়ায় অংশগ্রহণ নিশ্চরতকরণ | উপকূলীয় এলাকার জনগণকে সচেতন ও দুর্যোগ প্রস্তুতির জন্য এ মহড়া প্রয়োজন | উপকূলীয় এলকায় দুর্যোগ সচেতনতা ও ঝুঁকিহ্রাস কার্যক্রম বিঘ্নিত হতে পারে |
| মন্ত্রণালয় | জনপ্রশাসন মন্ত্রণালয় | আয়োজিত মহড়া | বর্ণিত মন্ত্রণালয়ের সাথে সংযুক্ত স্বেচ্ছাসেবকদের দুর্যোগে কাজে লাগানো | দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে দ্রুত ও সমন্বিত উদ্ধার কাজ পরিচালনা ও আইনশৃঙ্খলা বজায় রাখা | উদ্ধার কার্যক্রম বিলম্বিত হওয়াসহ আইনশৃঙ্খলা পরিস্থিতি বিঘ্নিত হওয়ার আশঙ্কা আছে |
| মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয় | স্থান নির্বাচিত | এনওইসি গঠনের জন্য প্রয়োজনীয় জমি বরাদ্দ নিশ্চিতকরণ | জমি বরাদ্দ না পেলে এনওইসি প্রতিষ্ঠা করা যাবে না | এনওইসি প্রতিষ্ঠা না হলে বড় ধরনের দুর্যোগের সময় কমান্ড সিস্টেম বাধাপ্রাপ্ত হয়ে দুর্যোগের ক্ষয়ক্ষতি বৃদ্ধি পাওয়ার আশঙ্কা আছে |
| বিভাগ | অর্থ বিভাগ | বিধিমালা প্রনীত | দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল অর্থ বিভাগ কর্তৃক অনুমোদন প্রয়োজন | দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ তে এই তহবিল গঠনের নির্দেশনা আছে | আপদকালীন দুর্যোগ ঝুঁকিহ্রাস কার্যক্রম বাধাগ্রস্ত হবে |